**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 10-01-2026** **Desk in Charge :- SDG /KL**
**Time: 7-50 P.M** **Compiling : Saibal B.**
**DEO: KB** **NRT : NBR**

**Announcement :-** আকাশবাণী / -খবর পড়ছিঃ

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ পশ্চিমবঙ্গের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী তদারকির জন্য আরো চারজন বিশেষ রোল অবজারভার নিয়োগ করল নির্বাচন কমিশন।

২/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-SIR প্রক্রিয়ায় যুক্ত মাইক্রো অবজারভারদের একাংশের বিরুদ্ধে কাজে গাফিলতির অভিযোগ ওঠায়, নির্বাচন কমিশন ফের একবার কঠোর বার্তা দিয়েছে।

৩/ বেআইনি কয়লা পাচার কাণ্ডের তদন্তে গত বৃহস্পতিবার কলকাতায় তল্লাশির সময় কি ঘটেছিল, তা বিস্তারিত জানিয়ে কলকাতার এনফোর্সমেন্ট ডিরেক্টরেট, দিল্লিতে সংস্থার সদর দপ্তরে রিপোর্ট জমা দিয়েছে। # একইসঙ্গে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করেছে তারা। # তল্লাশি চলাকালীন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার কাছ থেকে নথি ছিনিয়ে নেওয়ায় মুখ্যমন্ত্রীর সমালোচনা করেছে বিজেপি নেতৃত্ব।

৪/ দক্ষিণ ২৪ পরগণার চম্পাহাটিতে বাজি কারখানায় বিস্ফোরণের ঘটনায় চারজন গুরুতর জখম।

৫/ উত্তুরে বাতাসের প্রভাবে আগামী এক সপ্তাহ রাজ্যে সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচেই থাকবে।

********************************************************************

পশ্চিমবঙ্গের ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী তদারকির জন্য আরো চারজন বিশেষ রোল অবজারভার নিয়োগ করল নির্বাচন কমিশন। আজ কমিশন, প্রতিবেশী রাজ্য ও দিল্লিতে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দপ্তরে কর্মরত আইএএস আধিকারিককে পশ্চিমবঙ্গে বিশেষ রোল অবজারভার হিসেবে দায়িত্ব দেওয়ার কথা জানিয়েছে। বিশেষ রোল অবজারভার হিসেবে যাঁদের নিয়োগ করা হয়েছে, তাঁরা হলেন—যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের ডিরেক্টর সন্দীপ রেওয়াজি রাঠোর, ত্রিপুরার জনগণনা অধিকর্তা রতন বিশ্বাস, জাতীয় স্বাস্থ্য কর্তৃপক্ষের ডেপুটি সেক্রেটারি  ড. শৈলেশ ও সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের ডিরেক্টর বিকাশ সিং।

নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী, বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় কোনো যোগ্য ভোটার যেন তালিকা থেকে বাদ না পড়েন এবং কোনও অযোগ্য ব্যক্তির নাম যেন তালিকায় না থাকে, তা নিশ্চিত করাই এই অবজারভারদের মূল দায়িত্ব। তাঁরা পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে দাবিদাওয়া ও আপত্তি নিষ্পত্তির পাশাপাশি চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ পর্যন্ত পুরো প্রক্রিয়া নজরদারি করবেন বলে নির্দেশে জানানো হয়েছে ।

*************************

SIR প্রক্রিয়ায় যুক্ত মাইক্রো অবজারভারদের একাংশের বিরুদ্ধে কাজে গাফিলতির অভিযোগ ওঠায়, নির্বাচন কমিশন ফের একবার কঠোর বার্তা দিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, দায়িত্ব পালনে গাফিলতি কোনভাবেই বরদাস্ত করা হবে না এবং কর্তব্যে অবহেলা প্রমাণিত হলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

নির্বাচন কমিশনের নির্দেশ অনুযায়ী মাইক্রো অবজারভারদের মূল দায়িত্ব হল—এনুমারেশন ফর্মে ডিজিটাইজড এন্ট্রি যাচাই, ভোটার তালিকার সঙ্গে জন্ম-মৃত্যু নথির তুলনা, যাঁদের নোটিস পাঠানো হয়েছে তাঁদের জমা দেওয়া নথি পরীক্ষা, দাবিদাওয়া ও আপত্তির ক্ষেত্রে দাখিল হওয়া কাগজপত্র খতিয়ে দেখা এবং শুনানির সময় ইলেক্টরদের সঙ্গে ERO বা AERO-র যৌথ ছবি তুলে তা নির্দিষ্ট সময়ে আপলোড করা। পাশাপাশি তালিকা সংশোধনের সময় কোনও বিচ্যুতি বা অসঙ্গতি ধরা পড়লে তার রিপোর্ট করাও

মাইক্রো অবসার্ভারদের দায়িত্ব বলে জানানো হয়েছে। কিন্তু নির্বাচন কমিশনের পক্ষ থেকে রাজ্যের বিভিন্ন শুনানি কেন্দ্র পরিদর্শনে গিয়ে দেখা গেছে, বহু জায়গায় মাইক্রো অবজারভাররা নির্ধারিত দায়িত্ব ঠিকভাবে পালন করছেন না। এমনকি শুনানিতে আসা ভোটারদের স্বাক্ষরও যথাযথভাবে যাচাই করা হচ্ছে না। এই প্রেক্ষিতে সংশ্লিষ্ট নির্দেশ।

**************************

রাজ্যে চলতি SIR প্রক্রিয়া নিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে 'হয়রানি', 'সংবেদনহীনতা' এবং 'রাজনৈতিক পক্ষপাতের' অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ ফের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি লিখেছেন। ওই চিঠিতে এসআইআর প্রক্রিয়াকে গণতন্ত্র ও সংবিধানের মূল ভিত্তির উপর আঘাত বলে চিঠিতে তিনি অভিযোগ করেছেন।

**************************

দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে লেখা মুখ্যমন্ত্রীর চিঠি প্রসঙ্গে বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, ভোটার তালিকার শুদ্ধিকরণের লক্ষ্যেই SIR করা হচ্ছে। একটি সুস্থ সামাজিক রাষ্ট্রের এর বিরোধিতা করাই অত্যন্ত হাস্যকর বলে মন্তব্য করেন তিনি।
শিলিগুড়ির ইস্টার্ন বাইপাসে বিজেপির পরিবর্তন সংকল্প সভায় যোগ দিয়ে তিনি বলেন, মানুষের অধিকারকে সুপরিকল্পিতভাবে হরণ করা হচ্ছে।

**************************

বেআইনি কয়লা পাচার কাণ্ডের তদন্তে গত বৃহস্পতিবার কলকাতায় তল্লাশির সময় কি ঘটেছিল, তা বিস্তারিত জানিয়ে কলকাতার এনফোর্সমেন্ট ডিরেক্টরেট, দিল্লিতে রিপোর্ট জমা দিয়েছে। এই ঘটনায় প্রত্যক্ষদর্শী আধিকারিকদের বয়ান সহ কেন্দ্রীয় বাহিনী ও কলকাতা পুলিশের পাশাপাশি রাজ্য প্রশাসনের ভূমিকার কথা রিপোর্টে উল্লেখ করা হয়েছে বলে জানা গিয়েছে।
উল্লেখ্য, বেআইনি কয়লা পাচার মামলায় পশ্চিমবঙ্গ ও দিল্লির দশটি জায়গায় বৃহস্পতিবার ইডির তল্লাশি অভিযান চলেছিল। তার মধ্যে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে

সাংবিধানিক ক্ষমতার অপব্যবহার করে কলকাতার দুটি জায়গায় তদন্তে বাধা দেওয়ার অভিযোগ করেছে তারা।

*************************

এদিকে, আইপ্যাক-এর কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও কার্যালয়ে তাদের কাজে বাধাদানের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করতে চলেছে ইডি। শনি ও রবি ছুটি থাকায় তারা দ্রুত শুনানির জন্যে অনলাইনে আবেদন জানিয়েছে।

অন্যদিকে, রাজ্যের পক্ষ থেকেও সুপ্রিম কোর্টে অনলাইনে 'ক্যাভিয়েট' দাখিল করা হয়েছে।

*************************

আইপ্যাকের কর্ণধারের বাড়িতে একজন রাজনৈতিক নেত্রী হিসেবে গিয়েছিলেন বলে মুখ্যমন্ত্রী যে দাবি করেছেন বিজেপি তার সমালোচনা করেছে। দলের প্রাক্তন রাজ্য সভাপতি , কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার আজ সন্ধ্যায় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানিয়েছেন, আইপ্যাকের কর্ণধার কোন রাজনৈতিক দলের সদস্য নয়। তাই সেক্ষেত্রে মুখ্যমন্ত্রী রাজনৈতিক দলের নেত্রী হিসেবে কেন গিয়েছিলেন শ্রী মজুমদার সে বিষয়ে প্রশ্ন তোলেন। পাশাপাশি রাজনৈতিক দলের নেত্রী হিসেবে সেখানে গেলে মুখ্যমন্ত্রীর সঙ্গে মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী ও কয়েকজন পুলিশ আধিকারিক কেন গিয়েছিলেন শ্রী মজুমদার তাও জানতে চান। তিনি বলেন, কয়লা দুর্নীতিতে জড়িতদের আড়াল করতে নথি ছিনিয়ে নিতে গিয়ে মুখ্যমন্ত্রীর যে আতঙ্ক ও অস্থিরতা দেখা গেছে তাতে বিষয়টিতে সন্দেহের অবকাশ রয়েছে।

(বাইট- সুকান্ত)

*************************

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ পুরুলিয়ার পাড়া বিধানসভা অঞ্চলে এক জনসভায় বলেছেন, ইডি তল্লাশি চলার সময় মুখ্যমন্ত্রী আইন ভেঙ্গেছেন। তাঁর বিরুদ্ধে কঠিন এবং কঠোর ব্যাবস্থা নিতে হবে। শুভেন্দুবাবু আরও বলেন, মুখ্যমন্ত্রী, তাঁর মাধ্যমে কয়লার টাকা স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে গেছে বলে যে প্রকাশ্য মন্তব্য করেছেন, তার

বিরুদ্ধে তিনি আদালতে মানহানির মামলা করবেন। ইতিমধ্যেই এনিয়ে আইনি নোটিশ দেওয়া হয়েছে। সঠিক জবাব না পেলে হাই কোর্টে মামলা করা হবে বলে তিনি জানান। মুখ্যমন্ত্রী যা করছেন তা আতঙ্ক থেকে করছেন, এই দাবী করে বিরোধী দলনেতা বলেন, এবার তৃণমূল কংগ্রেস বিধানসভা নির্বাচনে পরাস্ত হবে। এদিন সভার পর মৌতড়ের প্রাচীন কালীমন্দিরে পুজোও দেন তিনি।

(বাইটঃ শুভেন্দু অধিকারী)

*************************

দক্ষিণ ২৪ পরগণার চম্পাহাটিতে আজ সকালে বাজি বিষ্ফোরণের ঘটনায় অন্তত চার জনের জখম হয়েছেন। এদের সকলের অবস্থাই আশঙ্কাজনক।

জানা গেছে, আজ সকালে বিকট শব্দে কেঁপে ওঠে হাড়াল এলাকা। পর পর তিন বার বিস্ফোরণ হয় ওই বাজি কারখানায়। বিস্ফোরণের অভিঘাতে অ্যাসবেস্টসের ছাউনি উড়ে যায়। পাশের একটি বাড়িও ক্ষতিগ্রস্ত। ভস্মীভূত হয়ে গিয়েছে একটি বড় গাছ'ও।

ঘটনাস্থল থেকে ২২ বছর বয়সী রাহুল পুই, ১৮ বছরে বিশ্বজিত মন্ডল, ১৭ বছর বয়সী কৃষ্ণ প্রামাণিক এবং ৬০ বছরের গৌরহরি গাঙ্গুলিকে উদ্ধার করা হয়। তাঁরা সকলেই বাজি বানাচ্ছিলেন বলে খবর। জখম চার জনকে প্রথমে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হলেও, অবস্থার অবনতি হওয়ায় তাঁদের কলকাতায় স্থানান্তর করা হয়েছে।

*************************

উত্তুরে বাতাসের প্রভাবে আগামী এক সপ্তাহ রাজ্যে সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের নিচেই থাকবে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১১ দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক চার ডিগ্রি কম। সর্বোচ্চ তাপমাত্রাও রেকর্ড করা হয়েছে ২২ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে দুই দশমিক সাত ডিগ্রী কম। দক্ষিণবঙ্গের কয়েকটি জায়গায় আগামী এক সপ্তাহে তাপমাত্রা স্বাভাবিকের থেকে দুই থেকে ৩ ডিগ্রি কম থাকার সম্ভাবনা রয়েছে এবং উত্তরবঙ্গের বহু স্থানে সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের থেকে দুই থেকে চার ডিগ্রি কম থাকতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন।

( বাইট- অন্বেষা )

*************************

সবুজ ও পরিবেশবান্ধব সাগরমেলার অঙ্গীকারকে সামনে রেখে আজ বিকেলে গঙ্গাসাগরে মেলা অফিস ও মেগা কন্ট্রোলরুমের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন দক্ষিণ ২৪ পরগনার জেলাশাসক অরবিন্দ মিনা।

সকালে সবুজ ও স্বচ্ছ সাগরমেলার লক্ষ্যে একটি ম্যারাথনের আয়োজন করা হয়। স্থানীয় পেট্রলপাম্প থেকে শুরু হয়ে ম্যারাথন শেষ হয় কপিলমুনি আশ্রমের সামনে। শতাধিক মানুষ এই কর্মসূচিতে অংশ নিয়ে পরিবেশ সচেতনতার বার্তা দেন। বিকেলে গঙ্গাসাগর মেলা অফিসের সামনে বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে মেলার উদ্বোধন হয়। সিভিল ডিফেন্স, সাফাই কর্মী, দমকল বাহিনী ও বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থার সদস্যরা শোভাযাত্রায় অংশ নেন। আজ থেকেই মেলায় পুণ্যার্থীদের ভিড় বাড়তে শুরু করেছে।

**********************************************************************